

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৪৬

১/ পবিত্রতা রাসূলুল্লাহ الله عن رسول الله عن رسول الله کتاب الطهارة عن رسول الله পরিচ্ছেদঃ ৩৫. ওযুর অঙ্গগুলো এক, দুই অথবা তিনবার ধোয়া সম্পর্কে

আরবী

قَالَ أَبُو عِيسَى وَرَوَى وَكِيعٌ، هَذَا الْحَدِيثَ عَنْ ثَابِت بْنِ أَبِي صَفِيَّة، قَالَ قُلْتُ لأَبِي جَعْفَرِ حَدَّقُكَ جَابِرٌ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم تَوَضَّاً مَرَّةً مَرَّةً قَالَ نَعَمْ . حَدَّثَنَا بِذَلِكَ هَنَّادُ وَقُتَيْبَةُ قَالاَ حَدَّثَنَا وَكِيعٌ عَنْ ثَابِت بْنِ أَبِي صَفِيَّة . قَالَ أَبُو عِيسَى وَهَذَا أَصَحُ مِنْ حَدِيثِ فَوَتَيْبَةُ قَالاً حَدَّثَنَا وَكِيعٌ عَنْ ثَابِت بْنِ أَبِي صَفِيَّة . قَالَ أَبُو عِيسَى وَهَذَا أَصَحُ مِنْ حَدِيثِ شَرِيكٍ لأَنَّهُ قَدْ رُويَ مِنْ غَيْرِ وَجْهٍ هَذَا عَنْ ثَابِت نَحْوَ رِوَايَةٍ وَكِيعٍ . وَشَرِيكٌ كَثِيرُ الْغَلَطِ وَثَابِتُ بْنُ أَبِي صَفِيَّة هُوَ أَبُو حَمْزَةَ الثُّمَالِيُّ .

বাংলা

৪৬। সাবিত ইবনু আবু সাফিয়্যা (রাহঃ) বলেন, আমি আবৃ জাফরকে বললাম, জাবির (রাঃ) কি আপনাকে বলেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম ওযুর অঙ্গগুলো একবার করে ধুয়েছেন? তিনি বলেন, হ্যা। হাদীসটি হান্নাদ ও কুতাইবা বর্ণনা করেছেন। তারা উভয়েই বলেন, ওয়াকী সাবিত ইবনু সাফিয়্যা হতে বর্ণনা করেছেন।

—সহীহ। এই হাদীসটি ইবনু আব্বাস কর্তৃক বর্ণিত ৪২ নং এর অনুরূপ তাই সহীহ।

আবু ঈসা বলেনঃ এ বর্ণনাটি শরীকের বর্ণনাটির চেয়ে বেশি সহীহ। কেননা এটি বিভিন্ন সূত্রে সাবিত হতে বর্ণিত হয়েছে। আর শরীক অনেক ত্রুটির শিকার হন। সাবিত ইবনু আবী সাফিয়্যা তিনি হলেন আবু হামযা আস-সুমালী।

English

Thabit bin Abi Safiyyah said, :

"1 asked Abu Ja'far: 'Did Jabir narrate to you that: "The Prophet performed Wudu one time each?" He said: "Yes."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন